

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫।

স্মারক নং ৩৩৩৬(২৪)

তারিখঃ ০৬/১০/২০২২

বিষয়ঃ জাতীয় ইঁদুর নিধন অভিযান ২০২১ এর সফল বাস্তবায়নের লক্ষ্যে নির্দেশনা প্রেরণ।


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ১১ অক্টোবর ২০২১ থেকে ১০ নভেম্বর ২০২১ পর্যন্ত সারা দেশে এক মাস ব্যাপি ইঁদুর নিধন অভিযান ২০২১ এর কর্মসূচি বাস্তবায়িত হবে। কর্মসূচি কার্যকর ও সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত কাজগুলো যথাযথভাবে বাস্তবায়নের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১. অতিরিক্ত পরিচালক, ঢাকা অঞ্চল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর তত্ত্বাবধানে আগামী ১১ অক্টোবর ২০২১ তারিখে জাতীয় পর্যায়ে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করবে। জাতীয় পর্যায়ের উদ্বোধনীর পর ১২-১৮ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে অঞ্চল জেলা ও উপজেলা পর্যায়ের উদ্বোধন কার্যক্রম সম্পন্ন করতে হবে।
২. জেলা পর্যায়ের অনুষ্ঠান জেলার দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী বা তাঁর মনোনীত প্রতিনিধি, উপজেলা পর্যায়ে মাননীয় সংসদ সদস্য বা তাঁর মনোনীত প্রতিনিধির মাধ্যমে উদ্বোধন করতে হবে।
৩. অঞ্চল এবং জেলা পর্যায়ের কর্মকর্তাদের কর্মসূচি বাস্তবায়ন ও ইঁদুর নিয়ন্ত্রণ সম্পর্কিত ১ (এক) দিনের আলোচনার জন্য ডিএই এর বিশেষজ্ঞ, বিএআরআই বিশেষজ্ঞ, বিআরআরআই বিশেষজ্ঞ এবং বিনা বিশেষজ্ঞ বৃন্দকে অন্তর্ভুক্ত করতে হবে।
৪. উপপরিচালকের অধীন উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের এক (০১) দিনের কর্মশালা করে ইঁদুর নিধন অভিযান ২০২১ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিবেন।
৫. ইঁদুর নিধন বিষয়ে কৃষকদের উদ্বুদ্ধকরণের লিফলেট, জারিগান, মাইকিং ও মসজিদের ইমাম গণের সহায়তায় ব্যাপক প্রচারের ব্যবস্থা করা যেতে পারে।
৬. উপসহকারী কৃষি কর্মকর্তা কর্তৃক কৃষক ও শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষণের সময় মাল্টিমিডিয়া ব্যবহার করা যেতে পারে। এবং উক্ত প্রশিক্ষণে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
৭. অভিযান চলাকালীন নিধনকৃত ইঁদুরের লেজ সর্বোচ্চ ০৩ (তিন) দিন সংরক্ষণ করে রেজিস্টারে কমিটির ০২ (দুই) জন সদস্য/অফিসারের স্বাক্ষরের মাধ্যমে লিপিবদ্ধ ও ধ্বংস করতে হবে এবং অভিযান শেষ হবার সাত থেকে দশ (০৭-১০) কর্মদিবসের মধ্যে নিধনকৃত মোট ইঁদুরের সংখ্যা ও কর্মসূচির বিস্তারিত প্রতিবেদন জেলা অফিসে প্রেরণ করতে হবে।
৮. সর্বস্তরের জনগণকে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ গ্রামের মসজিদ, মাদ্রাসা, হাট ও বাজারে মাইকিং, এবং স্কুল কলেজের ছাত্র- ছাত্রীদের নিয়ে মিটিং ও সমাবেশ নিশ্চিত করার বিষয়ে জোর দিতে হবে।
৯. আইপিএম ক্লাব/আইএফএমসি/সিআইজিসহ ডিএই এর অন্যান্য গ্রুপের কৃষকদের (যেখানে যা রয়েছে) মাধ্যমে অন্যান্য কৃষকদের ইঁদুর নিধনে উদ্বুদ্ধকরণ নিশ্চিত করতে হবে।
১০. অভিযান চলাকালে ডিলারদের দোকানে যাতে পর্যাপ্ত পরিমাণ ইঁদুরনাশক/বিষটোপ মজুদ থাকে এবং দোকানে ইঁদুর কর্তৃক ক্ষতির ধরণ, জীবন চক্র ইত্যাদি তথ্য সম্বলিত ছবিসহ ব্যানার লাগানোর ব্যবস্থা করতে হবে।

১১. সরকারি লাইসেন্স বিহীন প্রতিষ্ঠান বা ব্যক্তি যাতে ইঁদুরনাশক/ বিষটোপ বিক্রি করতে না পারে সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১২. কীটনাশক ডিলার খোলা বাজারে যাতে জিংক ফসফাইড বিক্রি করতে না পারে সে ব্যাপারে নির্দেশনা দিতে হবে।
১৩. ফসল সংগ্রহোত্তর মাড়াই-বাড়াই ও শুকানোর কাজে সড়ক ও বাঁধ ব্যবহারের ক্ষেত্রে যেন সতর্কতা অবলম্বন করা হয় (যাতে ইঁদুরের আশ্রয়স্থল না হয়) সে বিষয়ে নির্দেশনা প্রদান করতে হবে।
১৪. ইঁদুর দমনে প্রথাগত পদ্ধতির পাশাপাশি ধাতু নির্মিত (মেটাল) কাঠামোর (ফসলের মাঠে বাতাসে নড়ে শব্দের সৃষ্টি করে) ব্যবহারের নির্দেশনা অঞ্চলাধীন সকল জেলা ও উপজেলায় প্রদান করতে হবে।
১৫. ইঁদুর আমন ও গম ফসলে থোর অবস্থায় বেশি ক্ষতি করে বিধায় উক্ত ফসলের মাঠে একযোগে দমন অভিযান চালাতে হবে।
১৬. জেলা অফিস উপজেলা থেকে প্রাপ্ত তথ্যাদি যাচাই/বাছাই করে কমিটির স্বাক্ষর করে অভিযান শেষ হবার সর্বোচ্চ পরবর্তী দশ (১০) কর্ম দিবসের মধ্যে অঞ্চলের অতিরিক্ত পরিচালকের নিকট নির্ধারিত ছক পত্রে প্রতিবেদন সুপারিশসহ প্রেরণ করবেন।
১৭. অতিরিক্ত পরিচালকগণ জেলা হতে প্রাপ্ত তথ্যাদি পুনরায় যাচাই বাছাই করে মতামত সহকারে নির্ধারিত ছকপত্রে পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং এর বরাবরে প্রেরণ করবেন।

১৮. জাতীয় ইঁদুর নিধন অভিযান ২০২১ এর মূল প্রতিপাদ্য বিষয়ঃ জাতীয় সম্পদ রক্ষার্থে, ইঁদুর মারি একসাথে

অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
.....অঞ্চল (সকল)।


(মো: আসাদুল্লাহ)
মহাপরিচালক
কৃষিসম্প্রসারণ অধিদপ্তর
ইমেইল- dg@dae.gov.bd

অনুলিপি প্রেরণঃ

১. পরিচালক, সরেজমিন/ উদ্ভিদ সংরক্ষণ/ প্রশাসন ও অর্থ/ হটিকালচার/ ক্রপস/ প্রশিক্ষণ/ কোয়ারেন্টাইন/ পরিকল্পনা প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, খামারবাড়ি, ঢাকা, ওয়েব সাইটে প্রকাশের জন্য।